গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
থানা/উপজেলা ঃ সাতকানিয়া, ডাকঘর ঃ সাতকানিয়া (৪৩৮৬)
EIIN : 105061, ফোন- ০২৩৩৪-৪৫৮৪১৬, মোবাইল ঃ ০১৩০৯১০৫০৬১
satkaniagovt.college@yahoo.com www.satkaniagovtcollege.edu.bd

NU Code : 4334
Ctg Board : 3725

স্মারক নং- সাসক/ তারিখ ঃ ২৪/১১/২০২৫ খ্রি.

## ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির প্রাথমিক আবেদন ফি প্রদানের নির্দেশনাবলী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০.১১.২০২৫ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রামে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পূরণ এবং আবেদন ফি জমা দেয়ার ক্ষেত্রে আবেদনকারীর করণীয় সংক্রান্ত নির্দেশনা ঃ

১। বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী **২৩.১১.২০২৫** তারিখ বিকাল ৪.০০ টা হতে **৩১.১২.২০২৫** তারিখ রাত **১২.০০** টার মধ্যে ভর্তির যোগ্যতা অর্জনকারী আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর ডাউনলোডকৃত আবেদন ফরমের কপি এবং পেমেন্ট স্লিপ আগামী **০৩.০১.২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কলেজ অফিসে জমা দিতে হবে।

২। https://pay.academyims.com/auth/login লিংকে প্রবেশ করে শিক্ষার্থীর তথ্য যাচাই পূর্বক সোনালী গেটওয়ের মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ **১**,০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে।

৩। প্রাথমিক আবেদন Submit এর **১২** ঘন্টা পর পেমেন্ট প্রক্রিয়া সচল হবে বিধায় শিক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের পর প্রাথমিক আবেদন ফি **১**,০০০/- (এক হাজার) টাকা প্রদানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

৪। **০৩.০১.২০২৬** তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। SMS না পাওয়া মানে বুঝতে হবে তার ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চয়ন হয়নি। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়নের SMS না পেলে **০৪.০১.২০২৬** তারিখের মধ্যে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


৫। প্রাথমিক আবেদনপত্রে ভুলের জন্য আবেদনকারী নিজে দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক আবেদন ফি জমা না দিলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(প্রফেসর আবু রায়হান মোঃ আশিকুর রহমান)
আইডি নং- ১৫৩৪
অধ্যক্ষ
সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।


মোহাম্মদ আমান উল্লাহ,
সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান
ও
আহ্বায়ক
স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি- ২০২৫
সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

# শিক্ষার্থীদের অনলাইন পেমেন্টের নিয়মাবলী :

- পেমেন্ট করতে https://pay.academyims.com/auth/login লিংকে প্রবেশ করুন।
- **Institute ID** এর স্থলে **105061** এবং **Student ID** এর স্থলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরমের **Application ID** টাইপ করে লগইন পূর্বক পরবর্তী ধাপের কাজ সম্পন্ন করতে হবে।
- লগইন করার পর নিচের চিত্রটি প্রদর্শিত হবে।




- লগইন প্যানেলে প্রদর্শিত ড্যাশবোর্ডে নাম ও তথ্য যাচাই করুন। তথ্য সঠিক থাকলে **Available Payment** অপশনে ক্লিক করুন। **Available Payment** অপশনে ক্লিক করলে নিচের চিত্রটি প্রদর্শিত হবে।




- শিক্ষার্থীর তথ্য ও ফি যাচাই করে **Pay Now** অপশনে ক্লিক করে শুধুমাত্র সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ে সিলেক্ট করে পেমেন্ট সম্পন্ন করুন।

- পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করে কলেজ অফিসে জমা দিতে হবে।